দৈনিক বাংলা

৯৭

তারিখ ৭।১০।৮২
পৃষ্ঠা ... কলাম ...

# মেডিক্যাল কলেজে ভর্তিনীতি শিথিল করার জন্য মেয়েদের স্মারকলিপি

দেশের মেডিক্যাল কলেজসমূহে পূর্বঘোষিত ভর্তি নীতি মেয়েদের ক্ষেত্রে শিথিল করার আবেদন জানিয়ে মেডিক্যাল কলেজে ভর্তি ইচ্ছুক মেয়েদের পক্ষ থেকে স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটি স্মারকলিপি পেশ করা হয়েছে। এই স্মারকলিপিতে মেডিক্যাল কলেজসমূহে ভর্তির ব্যাপারে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান মেয়েদের জন্যে যে শতকরা ৩০টি সিট সংরক্ষণের কথা ঘোষণা করেছিলেন তার আশু এবং সুষ্ঠু বাস্তবায়নেরও দাবী জানানো হয়েছে।

স্মারকলিপিতে বলা হয়, বিভিন্ন মেডিক্যাল কলেজে (১৯৮১–৮২) ছাত্রছাত্রী ভর্তি সম্পর্কে যে নিয়মাবলী ঘোষিত হয়েছে তাতে মেয়েদের সম্পর্কে কোন সুযোগ সুবিধার কথা উল্লেখ নেই। ঘোষিত নীতিমালায় বলা হয়েছে যেসব ছাত্রছাত্রী কমপক্ষে এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে তারা ভর্তির দরখাস্ত করতে পারবে। পরক্ষণেই আবার বলা হয়েছে যারা এসএসসি এবং এইচএসসিতে শতকরা ৬০ নম্বর পেয়েছে তারাই দরখাস্ত করতে পারবে।

স্মারকলিপিতে বলা হয়, যেসব ছাত্রছাত্রী উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে তার নম্বর সম্মিলিতভাবে শতকরা ৬০ হওয়া অসম্ভব। কাজেই দ্বিতীয় বিভাগে উত্তীর্ণদের ভর্তির কথা বলা হলেও কার্যত প্রথম বিভাগে উত্তীর্ণরাই ভর্তির দরখাস্তের সুযোগ পাবে।

স্মারকলিপিতে প্রদত্ত সুপারিশমালায় যেসব মেয়ে উভয় পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং শতকরা ৫০ নম্বর পেয়েছে তাদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ এবং যোগ্য বলে বিবেচনা এবং মেয়েদের ভর্তির ক্ষেত্রে আলাদাভাবে মেয়েদের জন্যে পরীক্ষা গ্রহণের দাবী জানানো হয়।

খবর সংবাদ বিজ্ঞপ্তির।